

🗏 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০:১

া আরবি মূল আয়াত:



🗚 অনুবাদসমূহ:

আমি কসম করছি এই নগরীর। — আল-বায়ান

(কাফিররা বলছে দুনিয়ার জীবনই সবকিছু) না, আমি এই (মক্কা) নগরের শপথ করছি (যে নগরে সকলেই নিরাপদ), — তাইসিরুল

শপথ করছি এই নগরের, – মুজিবুর রহমান

I swear by this city, Makkah - — Sahih International

১. আমি(১) শপথ করছি এ নগরের(২),

- (১) এ সূরার প্রথমেই বলা হয়েছে, র শব্দটির অর্থ, না। কিন্তু এখানে র শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে। এ ব্যাপারে দুটি মত রয়েছে। এক. এখানে র শব্দটি অতিরিক্ত এবং আরবী বাকপদ্ধতিতে এর অতিরিক্ত ব্যবহার সুবিদিত। তবে বিশুদ্ধ উক্তি এই যে, প্রতিপক্ষের ভ্রান্ত ধারণা খণ্ডন করার জন্যে এই র শব্দটি শপথ বাক্যের শুরুতে ব্যবহৃত হয়। উদ্দেশ্য এই যে, এটা কেবল আপনার ধারণা নয়; বরং আমি শপথ সহকারে যা বলছি, তাই বাস্তব সত্য। অথবা অমুক অমুক জিনিসের কসম খেয়ে বলছি আসল ব্যাপার হচ্ছে এই। [দেখুন: ফাতহুল কাদীর]
- (২) البلد বা নগরী বলে এখানে মক্কা নগরীকে বোঝানো হয়েছে। [ইবন কাসীর] সূরা আত-ত্বীনেও এমনিভাবে মক্কা নগরীর শপথ করা হয়েছে এবং তদসঙ্গে أمين বিশেষণও উল্লেখ করা হয়েছে।

তাফসীরে জাকারিয়া

🕽। শপথ করছি এই (মক্কা) নগরের।[1]

[1] নগর বলে মক্কা নগরীকে বোঝানো হয়েছে। সূরাটি অবতীর্ণ হওয়ার সময় নবী (সাঃ) মক্কাতেই অবস্থিত ছিলেন। তাঁর জন্মস্থানও ছিল মক্কা শহর। অর্থাৎ, আল্লাহ তাআলা নবী (সাঃ)-এর জন্মস্থান এবং বাসস্থানের কসম খেয়েছেন। যার কারণে তার অতিরিক্ত মর্যাদার কথা সস্পষ্ট হয়।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6024

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন